গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২ (সমন্বয়, জিপিএমএস, আইসিটি, প্রশিক্ষণ ও মনিটরিং)
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

# বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরের এপ্রিল ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব আবুল খায়ের মোঃ আক্কাস আলী, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
তারিখ : ০৯ এপ্রিল ২০২৬ খ্রি.;
সময় : বিকাল ০৩:০০ ঘটিকা;
সভার স্থান : সম্মেলন কক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ দপ্তরের পরিচালক (প্রশাসন) জানান যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতি মাসে সভা আহ্বান করা হয়, এর ধারাবাহিকতায় আজকের সভা।

২. পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে এপ্রিল ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যপত্র উপস্থাপন করেন এবং সংশ্লিষ্ট শাখা/সেল/ইউনিট-এর প্রধান কর্মকর্তাগণকে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের অনুরোধ করেন। শাখা প্রধান কর্মকর্তাগণ তাদের স্ব স্ব শাখা/সেল/ইউনিট-এর অগ্রগতি তুলে ধরেন।

৩. সভার বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | মার্চ ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন প্রসঙ্গে; | ১.১. গত ০৯ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভায় ১২ মার্চ ২০২৬ মাসের কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ১.১.১. বিগত মার্চ ২০২৬ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। | কারিগরি শিক্ষা অধিদপ্তরের সকল শাখা/সেল |
| ২. | বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে ঘোষিত শিক্ষা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন; | ২.১. সরকারের নির্বাচনী ইশতেহারে ঘোষিত শিক্ষা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাকে মূলধারায় আনার লক্ষ্যে ১৮০ দিনের কর্মপরিকল্পনা গ্রহণ করেছে সরকার। উক্ত বিষয়ের ফোকাল্ট পয়েন্ট কর্মকর্তাকে প্রতিমাসের সমন্বয় সভায় এ সংক্রান্ত অগ্রগতি উপস্থাপনের জন্য সভায় সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ২.১.১. কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাকে মূলধারায় আনার লক্ষ্যে ১৮০ দিনের কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (পরি: ও উন্ন:)/ সহকারী পরিচালক-৮ |
| ৩. | নিরাপত্তা সংক্রান্ত; | ৩.১. সহকারী পরিচালক-১ সভায় উল্লেখ করেন যে, 'নিরাপত্তা প্রতিবেদন' এর নির্ধারিত ফরমেট অনুযায়ী পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় হতে মার্চ ২০২৬ মাসের নিরাপত্তা সংক্রান্ত প্রতিবেদন পাওয়া গেছে। কিন্তু বরিশাল আঞ্চলিক কার্যালয়ের ০৫টি (বরগুনা পলিটেকনিক ইনস্টিটিউট এবং বরগুনা, গলাচিপা, লালমোহন, রাজাপুর সরকারি টেকনিক্যাল স্কুল কলেজ) প্রতিষ্ঠান হতে নিরাপত্তা প্রতিবেদন পাওয়া যায়নি। এ প্রসঙ্গে পরিচালক, বরিশাল আঞ্চলিক পরিচালকের কার্যালয় সভাকে অবহিত করেন যে, বর্ণিত ৫টি প্রতিষ্ঠান গত ০৮ মার্চ ২০২৬ তারিখে নিরাপত্তা প্রতিবেদন বরিশাল আঞ্চলিক পরিচালক কার্যালয়ে প্রেরণ করেন। আগামী মাস হতে যথাসময়ে | ৩.১.১. নির্ধারিত ফরমেট অনুযায়ী নিরাপত্তা সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে; | পরিচালক (প্রশাসন) এবং সহকারী পরিচালক-১ |

| ক্র. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | নিরাপত্তা প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করা হবে মর্মে সভায় উল্লেখ করেন। | | |
| ৪. | কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের অফিস স্টাফদের শিফট কার্যক্রমের জন্য সম্মানী প্রদান: | ৪.১. সহকারী পরিচালক-১ সভায় উল্লেখ করেন যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিক ও মনোটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে কর্মচারীদের ২য় শিফটের সম্মানী প্রদান বিষয়ে এ দপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে ২য় শিফটে পাঠদান ও দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারীদের প্রকৃত সংখ্যার বিষয়ে আঞ্চলিক পরিচালকদের পরিদর্শন ও যাচাই-বাছাই প্রতিবেদনসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য পত্র পাওয়া গেছে। সে মোতাবেক ২৫ মার্চ ২০২৬ তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ৫৭.০৩.০০০০.০০০.০০৬.৯৯.০০০৫. ২০.৩৭ নং স্মারকের মাধ্যমে আঞ্চলিক পরিচালকগণকে যাচাই-বাছাইপূর্বক প্রতিবেদন প্রেরণের পত্র প্রেরণ করা হয়েছে। | ৪.১.১. কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিক ও মনোটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে কর্মচারীদের ২য় শিফটের সম্মানী প্রদানের প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক দ্রুত প্রতিবেদন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং সহকারী পরিচালক-১ |
| ৫. | ডি-নথি সংক্রান্ত; | ৫.১. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল) সভায় বলেন ডি-নথির ব্যবহার বৃদ্ধি কার্যক্রম অব্যাহত রয়েছে। বিগত মার্চ ২০২৬ মাসে ডি-নথি বাস্তবায়নের হার ৯৬% এবং এ দপ্তরে মার্চ ২০২৬ মাসে ডি-নথি ব্যবহার কার্যক্রমের প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়;<br><br>৫.২. সহকারী পরিচালক-২ সভাকে অবহিত করেন যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল ইঞ্জিনিয়ারিং কলেজ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট/সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট এবং আঞ্চলিক পরিচালক কার্যালয়ের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণকে ডি-নথি ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ ০৪ এপ্রিল ২০২৬ তারিখ হতে চলমান রয়েছে যা ব্যাচভিত্তিক ধারাবাহিকভাবে আগামী ২২ মে ২০২৬ তারিখ পর্যন্ত চলবে। এছাড়াও, ০৪ ও ০৫ তারিখ ডি-নথি বিষয়ে ১ম ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অদ্যাবধি যে সকল প্রতিষ্ঠান ডি-নথিতে যুক্ত করা হয়নি তাদের আইডি প্রদান করে দ্রুত যুক্ত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ৫.১.১. ডি-নথির ব্যবহার বৃদ্ধির ধারা অব্যাহত রাখতে হবে;<br><br>৫.২.১. মার্চ ২০২৬ মাসে ডি-নথি ব্যবহার কার্যক্রমের শাখাভিত্তিক প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে;<br><br>৫.২.২. যে সকল প্রতিষ্ঠান ডি-নথিতে যুক্ত করা হয়নি তাদের আইডি প্রদান করে দ্রুত যুক্ত করতে হবে। | পরিচালক (প্রশাসন)/পরিচালক (সকল), আরডিও এবং সহকারী পরিচালক-২, ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল) |
| ৬. | কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের নিয়োগ বিধি সংশোধন সংক্রান্ত | ৬.১. সহকারী পরিচালক-২ সভাকে অবহিত করেন যে, ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের নিয়োগ বিধিমালা-২০১৫ সংশোধন প্রস্তাব এবং নির্মাণাধীন ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজের ৮৬৩টি পদ সৃজনের প্রস্তাব গত ২৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ৬৩ ও ৬৪ স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন বর্ণিত প্রস্তাবের হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করতে হবে। | ৬.১.১. ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের নিয়োগ বিধিমালা- ২০১৫ সংশোধন প্রস্তাব এবং নির্মাণাধীন ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজের ৮৬৩টি পদ সৃজনের হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক-২ এবং অর্গানোগ্রাম সেল |
| ৭. | টেকনিক্যাল এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (TEMIS) | ৭.১. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল) সভায় বলেন যে, টেকনিক্যাল এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (TEMIS) সফটওয়্যারের সকল তথ্য হালনাগাদকরণসহ ক্যাটাগরিভিত্তিক জনবলের তথ্যাদির প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। সভাপতি সভায় বলেন TEMIS সফটওয়্যারে সকল কর্মকর্তা/কর্মচারীগণের তথ্য হালনাগাদ নিশ্চিত করতে হবে। TEMIS সফটওয়্যারে তথ্য হালনাগাদ ও রিপোর্ট প্রদানের ক্ষেত্রে কী কী ঘাটতি আছে তার তালিকা তৈরি করে; তা পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৭.১.১. TEMIS সফটওয়্যারে সকল কর্মকর্তা/কর্মচারীগণের তথ্য হালনাগাদ নিশ্চিত করতে হবে;<br><br>৭.১.২. TEMIS সফটওয়্যারে তথ্য হালনাগাদ ও রিপোর্ট প্রদানের ক্ষেত্রে কী কী ঘাটতি আছে তার তালিকা তৈরি; | পরিচালক (প্রশাসন) এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল) |

| ক্র. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮. | কারিগরি শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয় ও ৬৪টি টিএসসির অর্গানোগ্রাম সংশোধন; | ৮.১. সহকারী পরিচালক-২ সভাকে জানান যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন ক্যাটাগরির অর্থ বিভাগের সম্মতি প্রাপ্ত ১২টি পদের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের জন্য প্রস্তাব প্রস্তুতির কাজ চলমান। প্রস্তাবটি মে ২০২৬ মাসের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>৮.২. ৮টি আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের জন্য ৪৮টি পদ সৃজনের প্রস্তাবের বিপরীতে অর্থ মন্ত্রণালয় ২০ জানুয়ারি ২০২৬ তারিখের ৭২ নং স্মারকে অস্থায়ীভাবে রাজস্বখাতে ১৬টি পদ সৃজনের সম্মতি জ্ঞাপন করেছেন যা অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগে রয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রয়েছে। | ৮.১.১. কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন ক্যাটাগরির অর্থ বিভাগের সম্মতি প্রাপ্ত ১২টি পদের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের জন্য প্রস্তাবটি মে ২০২৬ মাসের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করতে হবে;<br><br>৮.২.১. ৮টি আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের জন্য অস্থায়ীভাবে রাজস্বখাতে ১৬টি পদ সৃজনের বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক-১/২/৯ এবং অর্গানোগ্রাম সেল |
| ৯. | অধিদপ্তরের টিওএন্ডই সংশোধন; | ৯.১. সহকারী পরিচালক-২ সভায় জানান যে, ৭২টি যানবাহন টিওঅ্যান্ডই-তে অন্তর্ভুক্তিকরণের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে রয়েছে। এ বিষয়ে নিবিড় যোগাযোগ অব্যাহত রয়েছে;<br><br>৯.২. মহাপরিচালক মহোদয়ের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য এনামকমিটি অনুমোদিত অর্গানোগ্রামে উল্লিখিত 'কার' এর পরিবর্তে প্রাধিকারভুক্ত 'জিপ' গাড়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের টিওঅ্যান্ডই-তে অন্তর্ভূক্তিকরণের সম্মতি পাওয়া গিয়েছে। অর্থ বিভাগের সম্মতির জন্য প্রস্তাব প্রস্তুতপূর্বক ০৭ এপ্রিল ২০২৬ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;<br><br>৯.৩. কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের সচল ও অচল গাড়ীর তালিকা প্রস্তুতসহ অচল গাড়ী বাতিলকরণের লক্ষ্যে গঠিত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক মাঠ পর্যায়ের প্রতিষ্ঠান হতে সচল ও অচল গাড়ীর তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | ৯.১.১. ৭২টি যানবাহন টিওঅ্যান্ডই-তে অন্তর্ভুক্তিকরণের বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে;<br><br>৯.২.১. মহাপরিচালকের ব্যবহারের জন্য প্রাধিকাভুক্ত জিপ গাড়ী ক্রয়ের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;<br><br>৯.৩.১. কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন সচল ও অচল গাড়ীর তালিকা প্রস্তুত এবং অচল গাড়ীর সংখ্যা নির্ণয়পূর্বক অকশন/নিলামের ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও অর্গানোগ্রাম সেল |
| ১০. | কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে কর্মচারী নিয়োগ সংক্রান্ত; | ১০.১. সহকারী পরিচালক-৪ সভাকে অবহিত করেন যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন পলিটেকনিক ও মনোটেকনিক ইনস্টিটিউটে ১১-২০তম গ্রেডের ২০ (বিশ) ক্যাটাগরির ২১৮টি শূন্য পদে জনবল নিয়োগের প্রেরিত বাজেটের ব্যয় বিভাজন পৃষ্ঠাংকনের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;<br><br>১০.২. সহকারী পরিচালক-৫ সভায় উল্লেখ করেন যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে সদ্য পদায়নকৃতদের মধ্যে যে সকল প্রার্থী যোগদান করেন নাই সে সকল শূন্য পদে সংরক্ষিত অপেক্ষমান তালিকা হতে বিভিন্ন পদে ২০০ জনকে ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে প্রাথমিকভাবে নিয়োগের জন্য সুপারিশ করা হয়। সুপারিশ প্রাপ্তদের পুলিশ ভেরিফিকেশনের জন্য ভিআর ফরম পূরণপূর্বক তাদের নিজ নিজ জেলার পুলিশ সুপার বরাবর প্রেরণ করা হয়েছে। | ১০.১.১. পলিটেকনিক ও মনোটেকনিক ইনস্টিটিউটে ১১-২০তম গ্রেডের ২০ (বিশ) ক্যাটাগরির ২১৮টি শূন্য পদে জনবল নিয়োগের প্রেরিত বাজেট অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে তদারকি বাড়িয়ে দ্রুত এ কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>১০.২.১. সংরক্ষিত অপেক্ষমান তালিকা হতে নিয়োগ প্রাপ্তদের পদায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল) ও সহকারী পরিচালক-৪/৫ |
| ১১. | সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি পর্যন্ত পরিক্ষার ফি | ১১.১. সহকারী পরিচালক-৬ সভাকে জানান যে, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি পর্যন্ত ভর্তি পরিক্ষার ফি নির্ধারণ বিষয়ে নীতিমালা চূড়ান্ত অনুমোদনের প্রস্তাবটি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ | ১১.১.১. সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি পর্যন্ত ভর্তি পরিক্ষার ফি নির্ধারণ বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সাথে | পরিচালক (ভোকেশনাল) ও সহকারী পরিচালক-১/৬ |

| ক্র. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | নির্ধারণ: | করা হয়েছে। | নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| ১২. | উপবৃত্তি সংক্রান্ত; | ১২.১. সংযুক্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল) সভাকে অবহিত করেন যে, ২০২৪-২৫ শিক্ষাবর্ষের অ্যাকাউন্ট ব্লকড (Blocked) হওয়া ২,৭৭৫ জন শিক্ষার্থীর সংশোধিত অ্যাকাউন্টে বকেয়া উপবৃত্তি প্রদানের বিষয়ে অর্থ বিভাগের অনুমোদনের পর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা পাওয়া গিয়েছে। উক্ত নির্দেশনা পত্রে কিছু ভুলভ্রান্তি পরিলক্ষিতে হয়েছে। সভাপতি মহোদয় বলেন নির্দেশনা পত্রের ভুলভ্রান্তি সংশোধনের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে অবহিত করতে হবে;<br><br>১২.২. কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২৮ জুলাই ২০২৫ তারিখের ৫৭.০৩.০০০০.০১০.২৫.০০৬.২৫-২৮৫ সংখ্যক পত্র মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। আঞ্চলিক কার্যালয়, ঢাকা বিভাগ শীঘ্রই প্রশিক্ষণ আয়োজন করবেন মর্মে জানা যায়। | ১২.১.১. ২০২৪-২৫ শিক্ষাবর্ষের অ্যাকাউন্ট ব্লকড (Blocked) হওয়া ২,৭৭৫ জন শিক্ষার্থীর সংশোধিত অ্যাকাউন্টে বকেয়া উপবৃত্তি প্রদানের বিষয়ে নির্দেশনা পত্রে ভুলভ্রান্তি সংশোধনের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে অবহিত করতে হবে;<br><br>১২.২.১. আঞ্চলিক কার্যালয়ের ঢাকা বিভাগের প্রশিক্ষণ কার্যক্রম আগামী ২২ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | পরিচালক (পিআইইউ) ও সহকারী পরিচালক-১০ এবং সংযুক্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল) |
| ১৩. | অডিট আপত্তি সংক্রান্ত; | ১৩.১. সহকারী পরিচালক-১০ সভায় উল্লেখ করেন যে, অডিট আপত্তি নিষ্পত্তির ধারাবাহিকতা অব্যাহত রয়েছে। সংযুক্ত ছকে পুঞ্জিভুতভাবে ফেব্রুয়ারি ও মার্চ ২০২৬ মাস পর্যন্ত নিষ্পত্তিকৃত, অনিষ্পন্ন ও মোট অডিট আপত্তির তথ্য সভায় উপস্থাপন করা হয়। কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানে যেন অডিট আপত্তি না হয় সে বিষয়ে কর্মশালা আয়োজনের প্রাথমিক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে এবং কর্মশালা আয়োজন করা যাবে। | ১৩.১.১. অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে;<br><br>১৩.১.২. কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানে যেন অডিট আপত্তি না হয় সে বিষয়ে কর্মশালা আয়োজন করতে হবে। | পরিচালক (পিআইইউ) ও সহকারী পরিচালক-১০ এবং অডিট শাখা |
| ১৪. | মামলা সংক্রান্ত; | ১৪.১. সহকারী পরিচালক-১০ সভায় বলেন যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন মামলাসমূহের নিষ্পত্তির বিষয়ে তৎপরতা অব্যাহত রয়েছে। এ বিষয়ে শাখাসমূহ থেকে তথ্য সংগ্রহপূর্বক বিজ্ঞ সলিসিটর/এ অধিদপ্তরের বিজ্ঞ প্যানেল আইনজীবী কর্তৃক মামলাসমূহ প্রতিদ্বন্দ্বিতা করা হচ্ছে। ফেব্রুয়ারি ও মার্চ ২০২৬ মাসের মামলা সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থান করা হয়। এছাড়াও, মামলা নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে একাধিক আইনজীবী নিয়োগের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক কমিটি গঠনপূর্বক সভা আহ্বানের বিষয়ে পরিচালক (ভোকেশনাল) স্যারের সাথে পরামর্শ করা হয়েছে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১৪.১.১. মামলা নিষ্পত্তির বর্তমান ধারা অব্যাহত রাখতে হবে;<br><br>১৪.১.২. মামলা নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে একাধিক আইনজীবী নিয়োগের জন্য কমিটির সভা আহ্বান করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (ভোকেশনাল) ও সহকারী পরিচালক-১০ |
| ১৫. | এমপিও সংক্রান্ত; | ১৫.১. সহকারী পরিচালক-১১ সভাকে অবহিত করেন যে, এমপিও আবেদন নিষ্পত্তির বর্তমান এ ধারা অব্যাহত আছে। ৫৩তম এমপিও সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ১৪৮টি এমপিও আবেদন উপস্থাপন করা হয়। উপস্থাপিত এমপিও আবেদনের মধ্যে ১০০টি অনুমোদন হয়েছে। এছাড়াও, সভায় ৪১১টি বিভিন্ন স্কেল প্রাপ্তি সংক্রান্ত আবেদনের মধ্যে ৩৬৭টি অনুমোদন হয়েছে। সফটওয়্যার কোম্পানী হতে সফটওয়্যার বুঝে নেয়ার জন্য তারিখ নির্ধারণ বিষয়ে সংশ্লিষ্ট কোম্পানীকে অবহিত করা হয়েছে। উক্ত সফটওয়্যার কোম্পানীর অভ্যন্তরীন জনবলের পরিবর্তন হওয়ায় তারিখ নির্ধারণে বিলম্ব হচ্ছে;<br><br>১৫.২. বিভাগভিত্তিক এমপিও আবেদন, জ্যেষ্ঠ প্রভাষক স্কেল, উচ্চতর স্কেল, বিএড স্কেল, নাম সংশোধন তথ্যর পেন্ডিং তালিকা সভায় উপস্থাপন করা হয়; | ১৫.১.১. এমপিও আবেদন নিষ্পত্তির ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে;<br><br>১৫.১.২. সফটওয়্যার কোম্পানী হতে সফটওয়্যার বুঝে নেয়ার জন্য তারিখ নির্ধারণ করতে হবে;<br><br>১৫.২.১. বিভাগভিত্তিক এমপিও আবেদন, জ্যেষ্ঠ প্রভাষক স্কেল, উচ্চতর স্কেল, বিএড স্কেল, নাম সংশোধন তথ্য ভিন্ন ভিন্ন শিরোনামে পেন্ডিং তালিকা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে; | পরিচালক (পিআইইউ), উপপরিচালক (এমপিও) এবং সহকারী পরিচালক-১১ |

| ক্র. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১৫.৩. সভাপতি মহোদয় সভায় উল্লেখ করেন যে, TEMIS Software-এ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি এমপিওভুক্ত প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্যাদি হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১৫.৩.১. TEMIS Software-এ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি এমপিওভুক্ত প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্যাদি হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১৬. | প্রশিক্ষণ সংক্রান্ত; | ১৬.১. সহকারী পরিচালক-২ সভাকে অবহিত করেন যে, ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে এ দপ্তরের সকল গ্রেডের কর্মচারীগণকে গত ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখ হতে ইন-হাউজ প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। ইতোমধ্যে ২ দিনব্যাপি ২টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ২টি ব্যাচের ইন-হাউজ প্রশিক্ষণ এপ্রিল ২০২৬ মাসেই সম্পন্ন করা হবে।<br><br>১৬.২. সরকারের সর্বশেষ প্রশিক্ষণ ব্যয় সংক্রান্ত পরিপত্র মোতাবেক এ দপ্তরের সকল প্রশিক্ষণ পরিচালন ও ব্যয় নিশ্চিতকরণে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১৬.১.১. এ দপ্তরের চলমান অবশিষ্ট ২টি ব্যাচের ইন-হাউজ প্রশিক্ষণ এপ্রিল ২০২৬ মাসেই সম্পন্ন করতে হবে;<br><br>১৬.২.১. সরকারের সর্বশেষ প্রশিক্ষণ ব্যয় সংক্রান্ত পরিপত্র মোতাবেক এ দপ্তরের সকল প্রশিক্ষণ পরিচালন ও ব্যয় নিশ্চিত করতে হবে। | পরিচালক (প্রশাসন/ ভোকেশনাল) ও সহকারী পরিচালক-২ |
| ১৭. | রিসার্চ কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত; | ১৭.১. সংযুক্ত কর্মকর্তা (রিসার্চ সেল) সভাকে অবহিত করেন যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের "প্রকাশনা নীতিমালা-২০২৫" চূড়ান্তকরণের লক্ষ্যে গত ১৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। গবেষণার বিষয় নির্ধারণে পরিকল্পনা ও উন্নয়ন শাখার সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | ১৭.১.১. "প্রকাশনা নীতিমালা-২০২৫" চূড়ান্তকরণের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে তদারকি বাড়িয়ে দ্রুত এ কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>১৭.২.১. গবেষণার বিষয় নির্ধারণে পরিকল্পনা ও উন্নয়ন শাখার সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও সংযুক্ত কর্মকর্তা (রিসার্চ সেল) |
| ১৮. | মেধা বৃত্তি কার্যক্রম | ১৮.১. সহকারী পরিচালক-১ সভায় উল্লেখ করেন যে, ৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে মেধা বৃত্তি কার্যক্রম হস্তান্তর বিষয়ে মহারিচালক মহোদয়ের নির্দেশনার আলোকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-এর সাথে আলোচনাপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১৮.১.১. ৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে মেধা বৃত্তি কার্যক্রম হস্তান্তর বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মতামত গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক-১ |
| ১৯. | বিবিধ | ১৯.১. পরিচালক (পিআইইউ) সভায় বলেন যে, তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী চাহিত তথ্য প্রদানের ফোকাল্ট পয়েন্ট প্রশাসন অনুবিভাগের আওতাধীন থাকা বাঞ্ছনীয়। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় জানান যে, তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী চাহিত তথ্য প্রদানের ফোকাল্ট পয়েন্ট কর্মকর্তা প্রশাসন অনুবিভাগ হতে দায়িত্ব প্রদান করার ব্যবস্থা করতে হবে;<br><br>১৯.২. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় বলেন, কারিগরি শিক্ষা অধিদপ্তরে বর্তমানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের দাপ্তরিক কাজ পরিচালনার জন্য প্রয়োজনীয় অফিস কক্ষ ও ডেস্কের স্বল্পতা রয়েছে। তা সত্তেও এ দপ্তরে চলমান প্রকল্পসমূহের অফিস বিদ্যমান রয়েছে। উক্ত অফিসসমূহের জন্য বরাদ্দকৃত কক্ষের কোন প্রকার ভাড়া প্রদান করা হয় না। এ বিষয়ে অফিসসমূহের বরাদ্দকৃত কক্ষের ভাড়া নির্ধারণ বা অন্যত্র অফিস হস্তান্তরের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;<br><br>১৯.৩. পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় বরিশাল জানান যে, তার প্রতিষ্ঠানে জনবলের সংকট রয়েছে। ইতোপূর্বে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত জনবলের চুক্তির মেয়াদ শেষ হলেও | ১৯.১.১. তথ্য প্রদানের ফোকাল্ট পয়েন্ট কর্মকর্তা প্রশাসন অনুবিভাগ হতে দায়িত্ব প্রদান করতে হবে;<br><br>১৯.২.১. এ দপ্তরে চলমান প্রকল্পসমূহের বিদ্যমান অফিসসমূহের জন্য বরাদ্দকৃত কক্ষের ভাড়া নির্ধারণ বা অন্যত্র অফিস হস্তান্তরের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br><br>১৯.৩.১. দ্রুতই আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ প্রদান করতে হবে;<br><br>১৯.৪.১. কারিগরি শিক্ষা অধিদপ্তরের অর্গানোগ্রাম সংশোধনপূর্বক পদ সংখ্যা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল) ও সহকারী পরিচালক-১/২ |

| ক্র. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | তাদের দ্বারা কাজ চালিয়ে নেয়া হচ্ছে। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় বলেন ইতোপূর্বে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত জনবলের চুক্তির মেয়াদ শেষ হওয়ায় তাদের দ্বারা কাজ চালিয়ে নেওয়ার সুযোগ নেই। দ্রুতই আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ প্রদান করা হবে।<br>১৯.৪. সভাপতি বলেন কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিক ও সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় এ সংক্রান্ত কাজে এ দপ্তরে জনবল বৃদ্ধি করা প্রয়োজন। সে লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের অর্গানোগ্রাম সংশোধনপূর্বক পদ সংখ্যা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। | | |

৪. পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯.৪.২৬

(আবুল খায়ের মোঃ আক্কাস আলী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৮৮-০২-৪১০২৪৫৯৬
ই-মেইল: techedu09@gmail.com

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১১.০৬.০০৩.২৫.১১৩(১১)

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২
০৯ এপ্রিল ২০২৬

**সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. প্রকল্প পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩. পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
৪. অধ্যক্ষ (সকল), ---------------------ইঞ্জিনিয়ারিং কলেজ-------------------;
৫. উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৬. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৮. প্রকল্প কর্মকর্তা/ইকুইপমেন্ট অফিসার/ভারপ্রাপ্ত কর্মকর্তা/সংযুক্ত কর্মকর্তা (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৯. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণ এবং অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১১. সংরক্ষণ নথি।

০৯.০৪.২৬

(মোঃ রাকিবুল হাসান)
সহকারী পরিচালক
ফোন: ৮৮-০২-৪১০২৪৫৯২
ই-মেইল: dte.ad2@gmail.com